বাংলাদেশ জাতীয় জাদুঘর
প্রশাসন ও সংস্থাপন শাখা
শাহবাগ, ঢাকা-১০০০।

স্মারক নং ৪৩.২২.০০০০.০০৪.০৪.৪১৮.২১. ২৬৮৫

তারিখ : ২৭ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
১০ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

অফিস আদেশ নম্বর ২৭৭ /২০২০-২০২১

বায়ান্নর রক্তসিঁড়ি পেরিয়ে বাঙালি জাতির ইতিহাসের সর্বশ্রেষ্ঠ বাঁকের নাম একাত্তর। জাতির পিতা বঙ্গবন্ধুর নেতৃত্বে জাতি এক নদী রক্ত ঢেলে দিয়ে পরাধীনতার শৃঙ্খল ভেঙ্গে স্বাধীনতার সূর্য কেড়ে এনেছে। হাজার বছরের শ্রেষ্ঠ এই অর্জনে বীর মুক্তিযোদ্ধাদের অবদান চির ভাস্বর। বাংলাদেশ জাতীয় জাদুঘর বাঙালি, বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ বিষয়ক বিশেষ গ্যালারি উপস্থাপন করেছে। যা বীর মুক্তিযোদ্ধাদের অহংকারের প্রতীক। এ কারণে বীর মুক্তিযোদ্ধারা গভীর মমতা এবং আগ্রহ নিয়ে ঐ গ্যালারি পরিদর্শন করেন।

০২। বীর মুক্তিযোদ্ধাদের বিনা মূল্যে স্থায়ী পাসের মাধ্যমে জাদুঘর পরিদর্শনের বিষয়টি অনুমোদনের জন্য গত ২৭ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের ১৮৮তম সভায় পেশ করা হয়। সভার সিদ্ধান্ত নিম্নরূপ :

"বীর মুক্তিযোদ্ধাদের বিনা মূল্যে জাদুঘর পরিদর্শনের নিমিত্ত স্থায়ী পাস সংগ্রহের আবেদন করার জন্য জাদুঘরের নোটিশ বোর্ড এবং জাদুঘরের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত বীর মুক্তিযোদ্ধাদের তালিকা অনুযায়ী আবেদন যাচাই-বাছাই করে বীর মুক্তিযোদ্ধাদের স্থায়ী পাস ইস্যু করতে হবে।"

০৩। বীর মুক্তিযোদ্ধাদের বিনা মূল্যে জাদুঘর পরিদর্শনের নিমিত্ত স্থায়ী পাস সংগ্রহের আবেদন করার জন্য জাদুঘরের নোটিশ বোর্ড এবং জাদুঘরের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।

০৪। বীর মুক্তিযোদ্ধাদের স্থায়ী পাস ইস্যুকরণ বিষয়ে জনশিক্ষা বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১০/০২/২০২১

(গাজী মো. ওয়ালি-উল-হক)
সচিব (যুগ্মসচিব)
বাংলাদেশ জাতীয় জাদুঘর
ফোন : ৯৬৭৪৭৯৬

স্মারক নং ৪৩.২২.০০০০.০০৪.০৪.৪১৮.২১. ২৬৮৫/(৩০)

তারিখ : ২৭ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
১০ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

১। .....বিভাগ ও শাখা প্রধান, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
২। কীপার, জনশিক্ষা বিভাগ, বাংলাদেশ জাতীয় জাদুঘর (স্থায়ী পাস ইস্যুকরণ বিষয়ে প্রচার মাধ্যম ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
৩। আইসিটি শাখা প্রধান, বাংলাদেশ জাতীয় জাদুঘর (জাদুঘরের ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
৪। সহকারী কীপার (চদা.)(সম), সাধারণ সেবা শাখা, বাংলাদেশ জাতীয় জাদুঘর (জাদুঘরের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ জাতীয় জাদুঘর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। মাস্টার ফাইল।

১০/০২/২০২১

(কালীপদ শীল)
উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা
বাংলাদেশ জাতীয় জাদুঘর
ফোন : ৯৬৭৪৭৯৬